চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা , চট্টগ্রাম
মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

**তারিখ:** ০৮.০৯.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## অনাবাসিক বিশ্ববিদ্যালয় হবে ছাফা-মোতালেব কলেজ: মেয়র ডা. শাহাদাত

ছাফা-মোতালেব সিটি কর্পোরেশন কলেজকে ভবিষ্যতে অনাবাসিক বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন।সোমবার কলেজ ক্যাম্পাসের প্রাঙ্গণে অনুষ্ঠিত পরিদর্শন ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। সভায় সভাপতিত্ব করেন কলেজের প্রতিষ্ঠাতা মোহাম্মদ নুরুচ্ছাফা।সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, ছাফা-মোতালেব সিটি কর্পোরেশন কলেজকে চট্টগ্রামের আধুনিক শিক্ষা প্রতিষ্ঠানে রূপান্তরিত করা হবে। তিনি জানান, নগরীর মোহরায় শিক্ষার আলো ছড়ানোর জন্য এই প্রতিষ্ঠানকে যুগোপযোগী মানে গড়ে তুলতে সব ধরনের পদক্ষেপ নেওয়া হবে। এই প্রতিষ্ঠানের আর্কিটেকচারাল পরিকল্পনা এবং ভৌত অবকাঠামো অত্যন্ত প্রশংসনীয়। বিদ্যমান অবকাঠামোর মানোন্নয়ন করে এ কলেজকে অনাবাসিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হবে। শিক্ষার পাশাপাশি স্বাস্থ্য ও পুষ্টির গুরুত্বের কথা উল্লেখ করে তিনি বলেন, শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবন গঠনে তাদের ব্যক্তিগত স্বাস্থ্য ও পুষ্টির বিষয়ে সচেতন করতে হবে, গড়তে হবে দায়িত্বশীল নাগরিক হিসেবে। মেয়র আরও উল্লেখ করেন, শিক্ষা প্রতিষ্ঠানকে আধুনিকায়ন করার মাধ্যমে নতুন প্রজন্মকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা সম্ভব হবে। তিনি স্থানীয় জনগণকে কলেজের উন্নয়নে সহযোগিতার আহ্বান জানান।এসময় আরো উপস্থিত ছিলেন প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, ছাফা মোতালেব সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ এ.বি.এম.মাহবুবুল হক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) চট্টগ্রাম অঞ্চলের উপ-পরিচালক অধ্যাপক মো. আবদুস সালাম ও কলেজের শিক্ষক প্রীতি দাশ, বীণাপানি চক্রবর্তী। রাজনৈতিক নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ৫নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর মোহাম্মদ আজম, মোঃ ইয়াসিন, ফিরোজ খাঁন, আমিন, আক্তার, ইব্রাহীম, হানিফ,রাসেল, নিয়াজ,রাশেদ প্রমুখ।




## বিশ্ব ফিজিওথেরাপি দিবস আজ
## চসিকের উদ্যোগে আধুনিক ফিজিওথেরাপি সেন্টার গড়ে তোলা হবে : মেয়র ডা. শাহাদাত।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন রেড ক্রিসেন্ট ফিজিওথেরাপি সেন্টারে চাইল্ড কেয়ার জোনের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের উদ্যোগে বিশ্ব ফিজিওথেরাপি দিবস ২০২৫ উদযাপন অনুষ্ঠানে হুমায়ুন কবির-রোজি কবির ফাউন্ডেশনের অর্থায়নে এ চাইল্ড কেয়ার কর্ণার উদ্বোধন করা হয়। উদ্বোধন শেষে মেয়র সরাসরি ফিজিওথেরাপি সেন্টারের রোগীদের সেবায় অংশগ্রহণ করেন।অনুষ্ঠানে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, আমাদের লক্ষ্য হলো চট্টগ্রামের প্রতিটি নাগরিকের মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করা। এজন্য ফিজিওথেরাপি সেন্টারকে আধুনিক ও সুবিধাসম্পন্ন করে তোলা হচ্ছে, যাতে এখানে আগত প্রতিটি রোগী সঠিক চিকিৎসা এবং পুনর্বাসনের সুবিধা পেতে পারে। আমরা শুধু রোগীকে চিকিৎসা দিচ্ছি না, বরং তাদের পূর্ণভাবে সুস্থ ও স্বাবলম্বী হওয়ার জন্য প্রয়োজনীয় সহায়তাও নিশ্চিত করছি।তিনি আরও বলেন, ফিজিওথেরাপি সেন্টারটি শিশু, প্রবীণ ও প্রতিবন্ধীসহ সকল বয়সী রোগীর জন্য সমানভাবে খোলা। বিশেষ করে শিশুদের জন্য স্থাপিত চাইল্ড কেয়ার কর্ণার আমাদের বিশেষ পদক্ষেপ। এখানে শিশুরা নিরাপদ ও আরামদায়ক পরিবেশে থাকতে পারবে, যাতে রোগীর পরিবারও নির্ভয়ে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারে।মেয়র গুরুত্ব দিয়ে বলেন, আমরা চাই চট্টগ্রামে ফিজিওথেরাপি সেবাকে আধুনিক মানের সঙ্গে সমন্বয় করা হোক। সেন্টারে নতুন প্রযুক্তি ও আধুনিক যন্ত্রপাতি স্থাপন করা হবে, যাতে রোগীদের পুনর্বাসন দ্রুত এবং কার্যকর হয়। এছাড়া চিকিৎসা প্রদানের পাশাপাশি রোগীদের সঙ্গে মানসিক সহায়তা এবং সামাজিক পরিচর্যাও দেওয়া হবে।শেষে তিনি জানান, আমাদের পরিকল্পনা শুধু ফিজিওথেরাপি সেন্টারকে উন্নত করা নয়, বরং নগরের প্রতিটি স্বাস্থ্যসেবা কেন্দ্রকে আধুনিক ও নাগরিকবান্ধব করার। আমরা চাই চট্টগ্রামের প্রতিটি মানুষ সহজলভ্য ও মানসম্মত স্বাস্থ্যসেবা পেতে পারে।অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের ভাইস চেয়ারম্যান ও এশিয়ান গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর এম. এ ছালাম এবং সঞ্চালনা করেন সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারি গোলাম বাকি মাসুদ। আলোচনা সভা ও উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর, চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য এইচ এম সালাহউদ্দিন, জিয়াউল হক সোহেল, মো: মেহেদী হাসান রায়হান, সালাহউদ্দিন সাহেদ, ডাঃ ফারহানাজ মাবুদ সিলভী, মো: এনামুল হক, ইউনিট লেভেল অফিসার আবদুর রহিম আকন, চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের যুব প্রধান আ. ন. ম.

তামজীদ, সাংগঠনিক বিভাগীয় প্রধান দীপ্ত ভট্টাচার্য, দুর্যোগ ও মানবিক সাড়া প্রদান বিভাগীয় প্রধান মো. রকিবুল ইসলামসহ যুব স্বেচ্ছাসেবকবৃন্দ।

## বাংলাদেশে প্রথমবারের মতো চালু হলো "বর্জ্যের বিনিময়ে স্বাস্থ্যসেবা" কর্মসূচি
## পরিবেশ ও প্রান্তিক মানুষের স্বাস্থ্য সুরক্ষায় বিদ্যানন্দ ফাউন্ডেশনের অভিনব উদ্যোগ।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় ও বিদ্যানন্দ ফাউন্ডেশনের উদ্যোগে সোমবার নগরীর ২ নং গেটে অবস্থিত বিদ্যানন্দ দাতব্য চিকিৎসালয়ে এই কর্মসূচির উদ্বোধন করেছেন সিটি মেয়র ডা: শাহাদাত হোসেন। এই কর্মসূচির আওতায় প্রান্তিক জনগোষ্ঠী প্রাথমিকভাবে তাদের কুড়ানো প্লাস্টিক বর্জ্যের বিনিময়ে এই হাসপাতাল থেকে স্বাস্থ্যসেবা পাবেন। এই সেবার মধ্যে বিশেষজ্ঞ ডাক্তার, ওষুধ, ল্যাব টেস্ট সুবিধা রয়েছে। ধীরে ধীরে অন্যান্য রিসাইক্লেবল বর্জ্যেও বিনিময় করা যাবে। প্রোগ্রামে সিটি মেয়র নিজেই পরিত্যক্ত প্লাস্টিকের বিনিময়ে বেশ কিছু রোগীকে সরাসরি নিজ হাতে চিকিৎসা সেবা দিয়েছেন এবং এই হাসপাতালে স্বেচ্ছাশ্রম দিতে আসবেন বলে জানালেন। সিটি মেয়র তার বক্তব্যে বলেন "বিদ্যানন্দ ফাউন্ডেশন দীর্ঘ সময় ধরে তাদের উদ্ভাবনী আইডিয়ার মাধ্যমে সিটি কর্পোরেশন কে বর্জ্য ব্যবস্থাপনায় সহযোগিতা করে যাচ্ছে। আজকের এই করমসূচীর মাধ্যমে এই সহযোগিতা আরো এক ধাপ এগিয়ে গেলো। আজকের এই ইনোভেশন বাংলাদেশের বর্জ্য ব্যবস্থাপনায় একটি রোল মডেল হিসেবে থাকবে। তিনি এই কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করেন। বিদ্যানন্দ ফাউন্ডেশনের বোর্ড ডিরেক্টর মো: জামাল উদ্দিন বলেন, অপর্যাপ্ত বর্জ্য ব্যবস্থাপনার ফলে পরিবেশ দূষণের মাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এর ফলে সবচেয়ে বেশি স্বাস্থ্যঝুঁকিতে রয়েছে প্রান্তিক জনগোষ্ঠী। একই সময়ে এই প্রান্তিক জনগোষ্ঠী তাদের মৌলিক চাহিদা স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত। এই দুইটা সমস্যাকে একটা কনসেপ্টের মাধ্যমে সমাধান করার চিন্তা থেকে " প্লাস্টিক কেয়ার" প্রজেক্টের যাত্রা। এর ফলে একদিকে পরিবেশ দূষণ যেমন কমবে তেমনি প্রান্তিক মানুষও স্বাস্থ্যসেবা পাবেন এবং মানুষের মধ্যে পরিবেশ দূষনের বিরুদ্ধে সচেতনতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটবে। এটি স্থায়ীভাবে চালু থাকবে".অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিদ্যানন্দ ফাউন্ডেশনের বোর্ড ডিরেক্টর মো: জামাল উদ্দিন, শিশু বিশেষজ্ঞ ডা: মুজিবুর রহমান, শিশু বিশেষজ্ঞ ডা: নিউটন ঘোষ, মেয়রে একান্ত সহকারী জিয়া উদ্দিন,চট্টগ্রাম মহানগর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ইঞ্জিনিয়ার জমির উদ্দিন নাহিদ প্রমুখ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮